১। দরপত্র ফ্রি ডেলিভারী এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোন শর্তে গ্রহনযোগ্য নয়।

২। টেন্ডারে অংশগ্রহনকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মূসক সেবার কোড এর ০৩৭.০০ আওতাধীন "যোগানদার" হিসাবে মূল্য সংযোজন কর/টার্নওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এই টেন্ডারের সাথে মূসক/টার্নওবার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। সরকারী বিধি মোতাবেক মূসক আদায়/রহিত করা হবে।

৩। সরবরাহকারীর মূল্য তালিকা (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিষ্কারভাবে সিলমোহরকৃত খামে ম্যানেজিং ডাইরেক্টর, খুলনা শিপইয়ার্ড লিঃ বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা সম্বোধন পূর্বক পাঠাতে হবে।

৪। মূল্য যাচাইপত্র নং বাবি-৪০/৮০০(১)/২০-২১ তারিখ ২২-০৩-২০২১ জমা নেবার শেষ তারিখ ২৫-০৩-২০২১ বেলা ১১-৩০ মিনিট পর্যন্ত।

৫। মূল্য তালিকা ডাকে অথবা স্বহস্তে শিপইয়ার্ড প্রধান ফটকে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে। ক্রয়াদেশ প্রদানের তারিখ হতে নিদির্ষ্ট দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

৬। ক্রয়াদেশে বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য ০.৫% হারে এলডি এবং সরবরাহে অধিক বিলম্বের কারনে উৎপাদন ব্যহত হলে/ কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনাধিক ১% হারে এলডি সরবারহকারীর নিকট হতে কর্তন করা হবে।

৭। সরবরাহকারী কর্তৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে ক্রয় করে অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।

৮। আমাদের নিদির্ষ্ট মূল্য যাচাই পত্রের টেন্ডার ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাংকিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহনযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহনযোগ্য নয়।

৯। খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষের কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।

১০। কোন গ্রহনযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট ৩% হারে জামানত আহবান করা যাবে। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত শিপইয়ার্ড কর্তৃপক্ষের আইনের পরিপন্থি এবং ক্রয়াদেশ বহির্ভূত যে কোন কার্যের জন্য অথ্যাৎ নিদিষ্ট সময়ে সরবরাহে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।

১১। আমাদের এই শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারনে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে শিপইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পুরন করা হবে।

১২। ক্রয়াদেশভুক্ত একই দফা আংশিক সরবরাহ গ্রহনযোগ্য নহে।

সালিসীর মধ্যস্থতা

উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিস্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে বাংলাদেশ নৌ বাহিনী কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিস্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনায়নের মাধ্য একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সেই সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগ ভাবে সংযোজিত হবে এবং উভয়পক্ষকে মেনে নিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য

উপরোল্লিখিত যে কোন ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরাহকারীর মূল্য উদ্বৃত বাতিল হতে পারে। মূল্য উদ্বৃতির সকল মূল্যহার পরিস্কার ভাবে লিখতে হবে। কোনরূপ অস্পষ্টতা, অসম্পূর্ণতা অথবা পূনঃলিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্বৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গন্য হবে।

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী

Website: www.ksybn.com E-mail : oiccoml.ksy@gmail.com

........................ টেন্ডার নং বাবি-৪০/৮০০(০১)/২০-২১
খুশিলির সকল কারিগরি কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকদের
........................ (স্থায়ী/অস্থায়ী/ চুক্তিভিত্তিক) ২০২১ সালের কার্যকালীন ইউনিফরম
তারিখঃ ২২-০৩-২০২১
........................ খোলার তারিখঃ ২৫-০৩-২০২১
বেলাঃ ১১-৩০ ঘটিকা

প্রিয় মহোদয়গণ,

নিম্নলিখিত দ্রব্যাদি খুলনা শিপইয়ার্ডে সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে সর্বনিম্ন মূল্য তালিকা আহবান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

শেখ শাহ মশিউর রহমান
ম্যানেজার কমার্শিয়াল
ওআইসি বাণিজ্যিক লোকাল
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

| ক্রঃ নং | মালামালের বিবরন | পরিমান | একক দর | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ১। | সংযুক্ত তালিকা মোতাবেক ০৯ (নয়) দফা মালামাল | | | |

শর্তাবলীঃ

১। প্রতি দফার বিপরীতে ০১ গজ করে দুই সেট কাপড় এর নমুনা দাখিল করতে হবে এবং কোন দফার বিপরীতে কি কাপড় তাহা সীল স্বাক্ষরসহ উল্লেখ করতে হবে।
২। সকল পোষাকদি খুলনা শিপইয়ার্ডের অভ্যন্তরে অথবা সুবিধাজনক স্থানে সেলাই করতে হবে।
৩। সেলাই সংক্রান্ত অনুসাংগিক মালামাল যেমন-সুতা, বোতাম, বক্রম, ব্যাজসহ অন্যান্য দ্রব্যাদির গুনগতমান খুশিলি কর্তৃক অনুমোদিত হওয়ার পর সেলাই কাজে ব্যবহার করতে হবে।
৪। ঠিকাদারকে প্রয়োজনীয় সংখ্যক অভিজ্ঞ দর্জী এবং সে মোতাবেক সেলাই মেশিন মেইনগেটে এন্ট্রি করতঃ ভিতর/বাহির করতে হবে।
৫। সেলাইযোগ্য কাপড়ের গুনগতমান অবশ্যই খুশিলি কর্তৃক গৃহীত নমুনা মোতাবেক হতে হবে। তাছাড়া পোষাক সেলাই এর পূর্বে সকল কাপড়ের গুনগতমান খুশিলি কর্তৃক পুনঃ অনুমোদিত হতে হবে।
৬। শ্রমকল্যান কর্মকর্তা সার্বিকভাবে কাজের তদারকি করবেন।
৭। একই দফার বিপরীতে অল্টারনেটিভ (Alternative) অফার প্রদান করা যাবে না।
৮। টেন্ডার খোলার সময় দরদাতার কোন মতামত/অভিযোগ থাকলে তা তাৎক্ষনিক টেন্ডার খোলার সময় টেন্ডার কমিটির নিকট উপস্থিত থেকে প্রকাশ করতে হবে। টেন্ডার খোলার পরবর্তীতে টেন্ডার সম্পর্কিত কোন অভিযোগ/মতামত গ্রহণযোগ্য হবে না।

**বিঃ দ্রঃ যাহারা খুশিলিতে সাপ্লাইয়ার হিসাবে তালিকাভুক্ত নয় তাদেরকে দরপত্রের সাথে মোট মূল্যের ৩% আর্নেষ্টমানি জমা দিতে হবে।**

টেন্ডার কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা  হিসাবরক্ষন বিভাগ  ব্যবহারকারী

---

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টি আই এন নং-

| টেন্ডার নং- বাবি-৪০/৮০০(০১)/২০-২১, তারিখঃ ২২-০৩-২০২১, খোলার তারিখঃ ২৫-০৩-২০২১ | | | | |
|---|---|---|---|---|
| ক্রঃ নং | দ্রব্যের বিবরণ | পরিমান | একক দর | মূল্য টাকা |
| ১। | **কর্মকর্তাদের উন্নতমানের স্কাই ব্লু রঙের ড্রিল কাপড়ের তৈরী দ্বিখণ্ড বিশিষ্ট ফুল বয়লার স্যুট।** প্রতি স্যুটে নাম ও পদবীর ব্যাজ এবং শার্টের ডান দিকে এমব্রয়ডারি মেশিনে খুশিলি মনোগ্রাম থাকবে এবং শার্টের পিছনে KSY লেখা থাকবে। ব্যাজ, মনোগ্রাম, KSY লেখা অবশ্যই গোল্ডেন রং এর হতে হবে। (বিভিন্ন বিভাগ/শাখায় কর্মরত সকল টেকনিক্যাল কর্মকর্তা ও ডিপিএম প্রজেক্টের কর্মচারীদের (স্থায়ী ও চুক্তিভিত্তিক) জন্য) (১টি জ্যাকেট টাইপ ফুলশার্ট ও একটি ফুলপ্যান্ট= ১ সেট) | ১৯৬ সেট | প্রতি সেট টাঃ | |
| ২। | **উন্নতমানের অলিভ রঙের ড্রিল কাপড়ের তৈরী দ্বিখন্ড বিশিষ্ট ফুল বয়লার স্যুট।** প্রতি স্যুটে নাম ও পদবীর ব্যাজ এবং শার্টের ডান দিকে এমব্রয়ডারি মেশিনে খুশিলি মনোগ্রাম থাকবে এবং শার্টের পিছনে KSY লেখা থাকবে। ব্যাজ, মনোগ্রাম, KSY লেখা অবশ্যই সাদা রং এর হতে হবে। (খুশিলিতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির সকল টেকনিক্যাল কর্মচারী, শ্রমিক ও এমটি ওয়ার্কশপে কর্মরত শ্রমিকদের (স্থায়ী ও অস্থায়ী/চুক্তিভিত্তিক) জন্য) (১টি জ্যাকেট টাইপ ফুলশার্ট ও একটি ফুলপ্যান্ট= ১ সেট) | ৫৪২ সেট | প্রতি সেট টাঃ | |
| ৩। | **উন্নতমানের Bottle Green কাপড়ের তৈরী কার্যকালিন পোষাক (ব্যাজসহ)** (নিরাপত্তা শাখায় কর্মরত (স্থায়ী ও অস্থায়ী) কর্মচারীদের জন্য) | ১৩০ সেট | প্রতি সেট টাঃ | |
| ৪। | **বাংলাদেশী উন্নতমানের আকাশী রঙের টেট্রন কাপড়ের তৈরী ফুলশার্ট এবং কালো রঙের প্যান্টের কাপড়ের তৈরী ফুলপ্যান্ট।** প্রতি সেটে নাম ও পদবীর ব্যাজ এবং শার্টের ডান দিকে এমব্রয়ডারি মেশিনে খুশিলির মনোগ্রাম থাকবে। (৪র্থ শ্রেণির কর্মচারী (পিয়ন/ রেকর্ড কিপার- কাম -বাহক/ বাহক/স্টুয়ার্ড/স্টুয়ার্ড কাম ক্লিনার ইত্যাদি) (স্থায়ী ও অস্থায়ীদের জন্য) | ৬২ সেট | প্রতি সেট টাঃ | |
| ৫। | **দেশী উন্নত মানের সাদা পলিস্টার কাপড়ের তৈরী ব্যাজসহ সাফারী সেট (হাফবুশ)** (গাড়ী চালক (স্থায়ী ও অস্থায়ী) দের জন্য) | ৩৪ সেট | প্রতি সেট টাঃ | |
| ৬। | **উন্নতমানের সাদা ড্রিল কাপড়ের তৈরী এ্যাপ্রোন ও ফুলপ্যান্ট।** প্রতিসেটে নাম ও পদবীর ব্যাজ এবং শার্টের ডান দিকে এমব্রয়ডারি মেশিনে খুশিলির মনোগ্রাম থাকবে (চিকিৎসা কেন্দ্রে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী (স্থায়ী ও চুক্তিভিত্তিক) দের জন্য) | ০৮ সেট | প্রতি সেট টাঃ | |
| ৭। | **হাফ প্যান্ট** (ডকিং শাখার স্থায়ী শ্রমিকদের জন্য) | ১৭ পিস | প্রতি পিস টাঃ ব্রান্ডঃ | |
| ৮। | **নেভীব্লু রঙের উলেন কাপড়ের তৈরী ব্লেজার।** শার্টের ডান দিকে এমব্রয়ডারী মেশিনে খুশিলির মনোগ্রাম সহ নাম পদবীর ব্যাজ থাকবে।(প্রতি ৩ বছর অন্তর প্রাপ্য নিরাপত্তা কর্মচারীদের জন্য) | ০১ সেট | প্রতি সেট টাঃ | |
| ৯। | **নেভীব্লু রঙের ফুলহাতা উলেন জাম্পার/ সোয়েটার** (প্রতি ৩ বছর অন্তর প্রাপ্য কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের জন্য) | ৬৪ পিস | প্রতি পিস টাঃ ব্রান্ডঃ | |

শেখ শাহ মশিউর রহমান
ম্যানেজার কমার্শিয়াল
ওআইসি বাণিজ্যিক লোকাল
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

বাণিজ্যিক শাখা    হিসাবরক্ষন বিভাগ    ব্যবহারকারী